

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৮৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যে কিয়ামুল লাইলের বিবরণ দিলাম, তা তিনি ঘুমানোর পর পড়তেন মর্মে বর্ণনা

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الْمُصنْطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُصلِّي مَا وَصفْنَا مِنْ صلَاةِ اللَّيْلِ بَعْدَ رَقْدهِ

## আরবী

2583 \_ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: أَخْبَرَنَا أَحمد بن أبي بكر عن مالك عن مَخْرَمَة بْنِ سُلَيْمَانَ عَنْ كُرَيْبِ عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّهُ بَاتَ عِنْدَ مَيْمُونَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهِيَ خَالَتُهُ قَالَ: فَاضْطَجَعْتُ فِي عَرْضِ الْوِسَادَةِ وَاضْطَجَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَهْلُهُ فِي طُولِهَا فَنَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَهْلُهُ فِي طُولِهَا فَنَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى انْتَصَفَ اللَّيْلُ أَوْ قَبْلُهُ أَوْ بَعْدَهُ بِقَلِيل اسْتَيْقَظَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَعَلَ يَمْسَحُ النَّوْمَ عَنْ وَجْهِهِ بِيَدِيْهِ ثُمَّ قَرَأً الْعَشْرَ آيَاتِ الْحَوَاتِمَ مِنْ سُورَةِ عَلَيْهِ وَسَلَّمَ فَجَعَلَ يَمْسَحُ النَّوْمَ عَنْ وَجْهِهِ بِيَدِيْهِ ثُمَّ قَرَأً الْعَشْرَ آيَاتِ الْحَوَاتِمَ مِنْ سُورَةِ عَلَيْهِ وَسَلَّمَ فَجَعَلَ يَمْسَحُ النَّوْمَ عَنْ وَجْهِهِ بِيَدِيْهِ ثُمَّ قَرَأً الْعَشْرَ آيَاتِ الْحَوَاتِمَ مِنْ سُورَةِ عَلَيْهِ وَسَلَّمَ يَمْ أَلْ مَا صَنَعَ ثُمَّ قَرَا اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدُهُ الْيُمْنَى عَلَى مَا أَنْ مُعَلَقَةٍ فَتَوَضَلًا مَنْهُ الْمَا مَنَ الْوَضُوءَ ثُمَّ قَامَ يُصِرِي وَسَلَّى مَنْهُ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ يَدُهُ الْيُمْنَى عَلَى مَا أُوسِي فَأَخَذَ بِأُذُنِي الْيُمْنَى يَفْتِلُهَا فَصَلَى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ يَدُهُ الْيُمْنَى عَلَى رَأُسِي فَأَخَذَ بِأُذُنِي الْيُمْنَى يَفْتِلُهَا فَصَلَلَى رَكْعَتَيْنِ ثُمَّ مَرُكُعَتَيْنِ ثُمَّ مَرَكُعَتَيْنِ ثُمَّ مَنْ مُؤْمِنَ أُولِ ثُومَ اللَّهُ عَلَيْهِ وَسَلَلَى الْمُعَقِيْنِ ثُمَّ مَلْكُونَ فَقَامَ الصبح.

الراوي: ابن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2583 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) ((الإرواء)) ((الإرواء)) (294): ق.

বাংলা



২৫৮৩. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি একবার তাঁর খালা, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের স্ত্রী মাইমূনা রাদ্বিয়াল্লাহু আনহার বাড়িতে রাত্রি যাপন করেন। তিনি বলেন, "আমি বিছানার প্রশস্ত দিকে ঘুমাই আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর পরিবার বিছানার দৈর্ঘের দিকে ঘুমান। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘুমিয়ে যান অতঃপর যখন অর্ধরাত বা তার কিছু আগে বা পরে জাগ্রত হন অতঃপর তিনি দু'হাত মুখে মুছে ঘুমের আবেশ দূর করেন। তারপর তিনি সূরা আল ইমরানের শেষ দশ আয়াত পাঠ করেন। তারপর তিনি ঝুলন্ত মশকের দিকে উঠে যান অতঃপর সেখান থেকে উত্তমরুপে ওয়ু করেন। তারপর তিনি সালাতে দাঁড়িয়ে যান।

আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "তারপর আমি উঠি এবং তিনি যা করেছেন আমিও তা-ই করি। তারপর আমি গিয়ে তার (বাম) পাশে দাঁড়াই। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর ডান হাত আমার মাথার উপর রাখেন এবং আমার ডান কান ধরে মোচড় দেন (এবং তাঁর ডান দিকে নিয়ে আসেন)। তারপর তিনি দুই রাকা'আত সালাত আদায় করেন, তারপর আরো দুই রাকা'আত, তারপর আরো দুই রাকা'আত, তারপর বিতর সালাত আদায় করেন। তারপর তিনি শুয়ে থাকেন যে পর্যন্ত না মুয়ায্যিন তাঁর কাছে আসে। অতঃপর তিনি হালকা করে দুই রাকা'আত সালাত আদায় করেন। তারপর তিনি (মসজিদের উদ্দেশ্যে) বের হন এবং ফজরের সালাত আদায় করেন।"[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১২১-১২২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৭০৮; মুসনাদ আহমাদ: ১/২৪২; সহীহ আল বুখারী: ১৮৩; সহীহ মুসলিম: ৭৬৩; আবূ দাউদ: ১৩৬৭; নাসাঈ: ৩/২১০-২১১; শামাইলে তিরমিযী: ২৬২; ইবনু মাজাহ: ১৩৬৩; আবৃ আওয়ানা: ২/৩১৫-৩১৬; তাবারানী: ১২১৯২; সুনান বাইহাকী: ৩/৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১২৩৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন